

ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি (Credit Reference Agencies)

ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানটি (Credit Reference Agencies) কি?

টাকা ধার নেওয়ার চুক্তির, দেনার শোধের বাকি টাকা, কাউন্টি কোর্টের রায় এবং ভোটার তালিকায় আপনার সম্বন্ধে যে সমস্ত খবর আছে, ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলি (Credit Reference Agencies) সে সম্বন্ধে বিস্তারিত খবর রাখে। অর্থ ধার দেওয়ার প্রতিষ্ঠানগুলি (lenders), কেবলমাত্র তখনই, আপনার ধারদেনার চুক্তির বিস্তারিত খবর এবং কত দেনা এখনও বাকী আছে সেই সম্বন্ধে তথ্যগুলি, ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলিকে (Credit Reference Agencies) জানাতে পারে, যখন তারা আপনাকে আগেই বলেছে যে তারা এটা করতে পারে। (এই জানানোর খবর সাধারণত ধারদেনার চুক্তির (Credit agreement) মধ্যে লেখা থাকে। অর্থ ধার দেওয়ার প্রতিষ্ঠানগুলি (lenders) যদি এটা না করে থাকেন তাহলে তারা নির্ভরশীল তথ্য রক্ষণের আইন (Data Protection Act) ভঙ্গ করার অপরাধে অপরাধী।

কাউন্টি কোর্টের রায় স্বাভাবিকভাবেই লিপিবদ্ধ করা হবে এবং সেটা ছয় বছরের জন্য রেকর্ডে রাখা হবে।

ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি / ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলি (Credit Reference Agencies) আপনার অনুমতি নিয়ে দেনাদার (lender), বাস্তবিক তথ্য সরবরাহ করে থাকে, যাতে তারা নিজেরা ঠিক করতে পারে যে আপনাকে তারা অর্থ ধার দেবে কি না। কোন কোন ব্যক্তি সম্বন্ধে সতর্ক থাকা প্রয়োজন তাদের নামের তালিকা (Blacklist) ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলির (Credit Reference Agencies) থাকে না।

ধার দেনার সীমা নির্ধারণ (Credit Scoring)

যে দেনাদার (lender) অর্থ ধার দেবে তারা হয়ত আপনার বয়স, কি কাজ করেন এবং আপনার নিজের বাড়ী আছে কি না, এই বিষয়গুলি বিবেচনা করে দেখতে পারে। ভোটের তালিকায় আপনার নাম আছে কি না সেটাও তারা দেখবে। আপনাকে অর্থ ধার দেওয়া হবে কি না সেই বিষয়ে বিবেচনা করার ব্যাপারে, দেনাদারের (lender), এটাও একটা উল্লেখযোগ্য ভূমিকা।

২০০১ সালের ১৬ই ফেব্রুয়ারী মাস থেকে আপনি বছরের যে কোন সময়ে ভোটের তালিকায় নাম লেখাতে পারেন। এ ব্যাপারে আরও সাহায্যের জন্য আপনার স্থানীয় কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করুন।

দেনাদার (lender), প্রত্যেকটি আলাদা আলাদা তথ্যের জন্য নম্বর (point) দিতে পারে এবং এই সব নম্বরগুলি একসঙ্গে যোগ করে তারা ধারের সীমা নির্ধারণ (Credit Scoring) করতে পারে। যদি আপনার ধার দেনার সীমা নির্ধারণ (Credit Scoring) সেই দেনাদারের (lender) পাশের মাত্রার উপর না হয়, তাহলে তারা হয়ত আপনাকে অর্থ ধার দেবে না। এই ধারের সীমা নির্ধারণ (Credit Scoring) করার সময়, দেনাদার (lender), ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলি (Credit Reference Agencies) দেওয়া তথ্যগুলিকে বিবেচনা করে দেখতে পারে। প্রত্যেক দেনাদারের (lender) নিজস্ব কর্মপন্থার নির্দেশাবলী (policy guidelines) আছে এবং তারা আপনাকে অর্থ ধার দেবে কি না সেটা ঠিক করার সময় সেই কর্মপন্থার নির্দেশাবলীকে অনুসরণ করে।

প্রত্যেকবার যখন আপনি অর্থ ধার করার জন্য আবেদন করেন তখন দেনাদার (lender) যে ধারদেনার ‘খোজ করে (search)’ সেটা আপনার ধারদেনার ফাইলে যোগ করা হয়ে থাকে। কোন ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ক্রেডিট রেফারেন্স এজেন্সি (Credit Reference Agencies) ব্যবহার করা হয়েছে তার উপর নির্ভর করে কতদিন এটা আপনার ফাইলে থাকবে।

দেনাদারকে (lender) জিজ্ঞাসা করুন যে তারা আপনাকে অর্থ ধার দেওয়ার ব্যাপারে ধারের সীমা নির্ধারণ (Credit Score) ব্যবহার করছে কি না। যদি এই প্রতিষ্ঠান, ধারের সীমা নির্ধারণ (Credit Score) করার জন্য কমপিউটারের প্রণালী ব্যবহার করে থাকে তাহলে তাদের আপনাকে, কি ভাবে তারা তাদের ধারের সীমা নির্ধারণ (Credit Score) করেছে এবং কি কি বিষয় তারা এই সীমা নির্ধারণের (Credit Scoring) মধ্যে ধরেছে, সে সম্বন্ধে বিস্তারিত তথ্য আপনাকে জানানো উচিত। যদি আপনাকে তারা টাকা ধার না দেয় তাহলে তাদের আপনাকে বলা উচিত যে আপনি ধারের সীমা নির্ধারণ (Credit Score) পাশ করেননি। যদি অন্য কোন কারণে, যেমন, আপনার ধার দেনার ফাইলের কোন খবরেন জন্য তারা আপনাকে অর্থ ধার দেবে না, তাহলে সেটাও তাদের আপনাকে বলা উচিত। যদি তাদের সিদ্ধান্ত কেবল কমপিউটারের প্রণালীর উপর ভিত্তি করে নেওয়া হয় তাহলে আপনি তাদের আবার আপনার আবেদন পত্রকে বিচার করে দেখবার জন্য বলতে পারেন। এই পুনর্বিবেচনা কমপিউটারের প্রণালীর উপর নির্ভর না করে মানুষ (manually) দ্বারা করানো উচিত। আপনাকে হয়ত আপনার আবেদনের সমর্থনে আরও বাড়তি তথ্য সরবরাহ করতে হতে পারে।

আমাকে যদি অর্থ ধার প্রত্যাখ্যান করা হয় তাহলে আমি কি করব?

আপনাকে অর্থ ধার দেওয়া যদি প্রত্যাখ্যান করা হয় তাহলে আপনি দেনাদারকে জিজ্ঞাসা করুন যে কোন কোন ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ক্রেডিট রেফারেন্স এজেন্সির (Credit Reference Agencies) সঙ্গে তথ্যে জন্য আলোচনা করা হয়েছে এবং সেই তথ্যের উপর নির্ভর করে আপনাকে ধার না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি না। আপনি সেই কোন ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ক্রেডিট রেফারেন্স এজেন্সির (Credit Reference Agencies) চিঠি লিখে এবং তার সঙ্গে ২.০০ পাউন্ড পাঠিয়ে আপনার ফাইলের কপি পাঠাতে বলতে পারেন। তাদের আপনার নাম এবং বর্তমান ঠিকানা এবং গত ছয় বছরের মধ্যে যদি

অন্য কোন ঠিকানায় বাস করে থাকেন তাহলে সেই ঠিকানারও দরকার পড়বে। যদি এই ফাইলের তথ্যগুলি ঠিক না হয় তাহলে আপনার এইকোন ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ ক্রেডিট রেফারেন্স এজেন্সিকে (Credit Reference Agencies) এই তথ্যগুলিকে সরানো বা ঠিক করতে বলার অধিকার আছে।

বর্তমানে তিনটি প্রধান কোন ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ ক্রেডিট রেফারেন্স এজেন্সি (Credit Reference Agencies) আছে। তাদের নাম হল এক্সপেরিয়ান { আগে নাম ছিল সি সি এন(CCN)}, ইকুইফ্যাক্স (Equifax) এবং কল ক্রেডিট পি এল সি (Callcredit plc)। এই সবগুলি এজেন্সির তথ্য আপনার পরীক্ষা করে দেখা উচিত, কারণ কিছু কিছু তথ্য হয়ত ভিন্ন হতে পারে।

কোন কোন ঠিকানায় লিখতে হবে তা নীচে দেওয়া হল:

এক্সপেরিয়ান লিমিটেড
কনজিউমার হেল্প সার্ভিস
পি ও বক্স ৮০০০
নটিংহাম
এনজি১ ৫জিএক্স
www.experian.co.uk

Experian Ltd
Consumer Help Service
PO Box 8000
Nottingham
NG1 5GX
www.experian.co.uk

ইকুইফ্যাক্স পি এল সি
ক্রেডিট ফাইল এডভাইস সার্ভিস
পি ও বক্স ৩০০১
গ্লাসগো
জি৮১ ২ডিটি

Equifax Plc
Credit File Advice Service
PO Box 3001
Glasgow
G81 2DT

www.equifax.co.uk

www.equifax.co.uk

কলক্রেডিট পি এল সি
কনজিউমার সার্ভিস ডিপার্টমেন্ট
পার্ক রো হাউস
১৯-২০ পার্ক রো
লিডস এল এস ১ ৫এফ জে

Callcredit plc
Consumer Service Dept
Park Row House
19-20 Park Row
Leeds LS1 5FJ

www.callcredit.co.uk

www.callcredit.co.uk

কোন দেনাদার (lender) যদি ধার দেওয়া প্রত্যাখ্যান করে তাহলে আমি কি আপীল করতে পারি?

দুর্ভাগ্যবশতঃ আপনার ধার পাওয়ার কোন স্বাভাবিক অধিকার নাই। বর্তমানে কিছু কিছু সংস্থা, আপনাকে কেন ধার দেওয়া হবে না তার কারন বুঝবার জন্য, সে সম্বন্ধে বিস্তারিত খবর দিতে আরম্ভ করেছে। যদি ধারের সীমা নির্ধারণ (Credit Score) ব্যবহার করা হয়ে থাকে তাহলে কোম্পানি কেন ধার দেবে না, সে সম্বন্ধে আপনাকে বিস্তারিত কারন জানানো উচিত। আপনাকে ধার দেওয়া হবে কি না সেই সিদ্ধান্ত যদি কমপিউটারে দ্বারা নেওয়া হয়ে থাকে, তাহলে আপনি মানুষ (manually) দ্বারা সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য অনুরোধ করতে পারেন। যে অংশে ‘ধারের সীমা নির্ধারণ (Credit Scoring)’ সম্বন্ধে বলা হয়েছে সেই অংশ দেখুন। যাহাই হউক না কেন আইনত আপনার দেনাদার (lender), যে ধারদেনা সম্পর্কে নিযুক্তস্থানগুলি/ ক্রেডিট রেফারেন্স এজেন্সির (Credit Reference Agencies) সঙ্গে আলোচনা করেছে, আপনার কেবল সেই এজেন্সির নাম জানার অধিকার আছে। আপনার ফাইলের ভুল শোধরানো হয়ে গেলে আপনি যে দেনাদারের (lender) কাছে ধারের জন্য আবেদন করেছিলেন, তার কাছে আবার আবেদন করতে পারেন। আর না হয় আপনি বিভিন্ন দেনাদারের (lender) অর্থ ধার দেওয়ার ব্যবস্থার খোজ খবর নিতে পারেন। তবে স্বদের পরিমাণ এবং অন্যান্য শর্তগুলি ভাল করে পরীক্ষা করে দেখবেন।

সাবধানঃ প্রত্যেকবার আপনি যখন টাকে ধারের জন্য আবেদন করেন, তখন একটা ‘খোজ করে (search)’ আপনার ফাইলের অন্তর্ভুক্ত করা হয়। আপনার ফাইলে যদি অনেকগুলি ‘খোজ করে (search)’ দেখানো হয় তাহলে সেটা আপনার বিরুদ্ধে যেতে পারে।

আমি কি আমার ফাইল থেকে তথ্য সরাবার জন্য অনুরোধ করতে পারি?

ক্রেডিট রেফারেন্স এজেন্সি আপনার বিষয়ে সব তথ্য অন্ততঃ ছয় বছরের জন্য আপনার ফাইলে রাখবে। তারা যে তথ্যগুলি আপনার ফাইলে রাখবে তার মধ্যে আছে:-

- আপনার বিরুদ্ধে যদি ‘পরওয়ানা জারী’ করা হয়ে থাকে, তাহলে এই পরওয়ানার তারিখ থেকে ছয় বছর পর সেই তথ্য আপনার ফাইল থেকে সরানো হবে।

স্থিরীকৃত একাউন্টগুলি: এই একাউন্টগুলি যে দিন স্থিরীকৃত করা হবে, সেই দিন থেকে অথবা যে দিন টাকার শেষ কিস্তি দেওয়া হয়েছে সেই দিন থেকে ছয় বছর পর সেগুলি আপনার ফাইল থেকে সরানো হবে। এটা করা হবে যদি এর মধ্যে আপনার বিরুদ্ধে কোন পরওয়ানা জারী না করা হয়ে থাকে।

এর মানে এই হওয়া উচিত যে, আপনি যদি কোন ধার পরওয়ানার প্রায় ছয় বছর পর শোধ করে দেন, এই দেনা আপনার পরওয়ানার জারীর তারিখ থেকে ছয় বছর পর ফাইল থেকে সরানো হবে।

- দেউলিয়ার আদেশগুলি (Bankruptcy Orders): সাধারণত: দেউলিয়ার আদেশের তারিখ থেকে ছয় বছর পর সেগুলি ফাইল থেকে সরিয়ে ফেলা হয়, তবে কখনও কখনও এই আদেশ ফাইলে বেশীদিন রাখা হতে পারে।
- জেলা আদালতের রায়গুলি (County Court Judgements): এগুলি আদালতের রায়ের তারিখের থেকে ছয় বছর পর সরিয়ে ফেলা হয়।

ম্যাজিস্ট্রেট কোর্টের জরিমানা, কাউন্সিল ট্যাক্স/কমিউনিটি চার্জের দেনার রেকর্ড ক্রেডিট রেফারেন্স এজেন্সির ফাইলে রাখা হয় না।

আপনার ফাইলে যে সকল তথ্য আছে সেগুলি যদি সত্যি হয় তাহলে সেগুলি সরাবার কোন অধিকার আপনার নেই। আপনার ঠিকানায় কার কার নাম ভোটার তালিকায় আছে সেটাও আপনার ফাইলে থাকে। কোন ব্যক্তি যদি সেই ঠিকানার আর বসবাস না করেন তবুও তার নাম এই ফাইল থেকে সরানো হবে না।

শোধরানোর নোটিশ (Notice Of Correction)

আপনি ক্রেডিট রেফারেন্স এজেন্সিকে আপনার ফাইলে একটা নোট রাখতে বলতে পারেন। এই নোট ২০০ শব্দের মধ্যে হতে হবে। এতে আপনি লিখতে পারেন যে কি কারণে আপনার এত দেনা হয়েছে অথবা কেন আপনি মনে করেন যে আপনার ফাইলে ভুল তথ্য ঢোকানো হয়েছে। আপনি হয়ত এটা বুঝিয়ে বলতে চান যে তখন আপনার আর্থিক অবস্থা কেমন ছিল এবং এখন আপনার আর্থিক অবস্থা কেন অন্যরকম। যে সকল ব্যক্তি আপনার ফাইল দেখবেন তারা সকলেই এই নোটিশগুলি পড়তে পারবেন, যেমন- একজন দেনাদার (lender), যার কাছে আপনি ধারের জন্য আবেদন করেছেন এবং তিনি আপনার ফাইল ‘খোজ করে (search)’ দেখছেন। ধার দেওয়ার বেশী ভাগ সিদ্ধান্তই কমপিউটারে দ্বারা নেওয়া হয়ে থাকে। আপনার ফাইলে যদি শোধরানোর নোটিশ (Notice Of Correction) থাকে তাহলে আপনার আবেদন উপর সিদ্ধান্ত মানুষ (manually) দ্বারা নিতে হবে (তার মানে হল যে একজন ব্যক্তি আপনাকে অর্থ ধার দেওয়া হবে কি না সে সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন)

অন্য কোন ব্যক্তিদের ধার দেনার তথ্য কি আমার ফাইলে ঢোকানো হতে পারে?

ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলি যখন দেনাদারদের (lender) অনুসন্ধানের জবাব দেন তখন যে সকল ব্যক্তিদের পদবী আপনার থেকে ভিন্ন এবং আপনার পরিবারের সদস্য হিসাবে আপনার সঙ্গে থাকেন না, তখন এজেন্সির, তাদের নাম আপনার ফাইলে ঢোকানো উচিত নয়। এর মানে হল এই যে আপনার বাড়ীতে আগে যারা ছিলেন এবং তৃতীয় পক্ষ (third parties), যেমন ভাড়াটে বা লজার, তাদের ধার দেনার রেকর্ড আপনার দেনার মূল্যায়নের (credit rating) উপর প্রভাব বিস্তার করার কথা নয়। ব্যতিক্রম হল যেখানে এই প্রমাণগুলি আছে যে:-

- আপনারা একি পরিবারের সদস্য;

এবং

- একি পরিবারের সদস্য হিসাবে একসঙ্গে বাস করছেন;

এবং

- আপনাদের মধ্যে আর্থিক যোগাযোগ আছে;

যদি না আপনি সেই ব্যক্তির সঙ্গে যোগাযোগ না থাকার নোটিশ (Notice of Disassociation) আপনার ফাইলে রেখেছেন

যোগাযোগ না থাকার নোটিশ (Notice of Disassociation)

যে সকল ব্যক্তির, যারা আপনার পরিবারের সদস্য নয় অথবা যাদের সঙ্গে আপনার কোন আর্থিক কোন যোগাযোগ নেই, তাদের সম্বন্ধে যদে কোন তথ্য আপনার ফাইলে থেকে থাকে, তাহলে আপনি ক্রেডিট রেফারেন্স এজেন্সিকে ‘যোগাযোগ না থাকার নোটিশ (Notice of Disassociation)’ লিখিত নোটিশ পাঠাতে পারেন। যদি এজেন্সি আপনার নোটিশ স্বীকার করতে অস্বীকার করে তাহলে আপনি তথ্য {Information (Data Protection)} কমিশনারের কাছে সাহায্যের জন্য আবেদন করতে পারেন। উনার ঠিকানা হল:-

দি অফিস অফ দি ইনফরমেশন কমিশনার

কমপ্লেইনস ডিপার্টমেন্ট

ওয়াইক্লিফ হাউস

ওয়াটার লেন

উইলম্ব্লো

চেশায়ার এস কে৯ ৫এ এফ টেলিফোন ০১৬২৫ ৫৪৫ ৭৪৫

The Office of the Information Commissioner

Complaints Dept

Wychiff House

Water Lane

Wilmslow

Cheshire SK9 5AF Tel: 01625 545 745

www.dataprotection.gov.uk

www.dataprotection.gov.uk

জেলা আদালতের (County Court) রায়গুলি লিপিবদ্ধ করা

আপনার নামে জেলা আদালতের (County Court) কোন রায় আছে কি না অথবা সেই রায়গুলি লিপিবদ্ধ করা হয়েছে কি না, সেই সম্বন্ধে আপনি যদে নিশ্চিত না হন; তাহলে আপনি আপনার নাম এবং ঠিকানার উল্লেখ করে এই ব্যাপারে খোজ করতে পারেন। প্রায় সম জেলা আদালতের রায়ই কোর্টের রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়। তাদের ঠিকানা হল:-

দি রেজিস্ট্রি অফ কাউন্টি কোর্ট জাজমেন্টস

১৭৩-১৭৫ ক্লিভল্যান্ড স্ট্রীট

লন্ডন

ডব্লিউ ১পি ৫পিই

The Registry of County Court Judgement

173-175 Cleveland Street

London

W1P5PE

প্রত্যেক নাম এবং ঠিকানার ডাকে খোজ (postal search) করার জন্য ৪ পাউন্ড ৫০ পেনি করে পারিশ্রমিক দিতে হবে

রায়ের দেনা মিটিয়ে দেওয়া (Paying The Judgement Off)

জেলা আদালতের রায়ের পুরো দেনা যদি মিটিয়ে দেওয়া হয়, তাহলে আপনি জেলা আদালতকে অনুরোধ করতে পারেন যে, যে বিষয়ে রায় দেওয়া হয়েছিল, সে বিষয়ই আপনাকে সন্তুষ্টির বিবৃতি (Certificate of Satisfactio) দিতে। এর জন্য আপনাকে ১০ পাউন্ড (১৯৯৯ সালের ২৬শে এপ্রিল থেকে) পারিশ্রমিক দিতে হবে এবং কোর্টের কাছে আপনাকে এটা প্রমাণ করতে হবে যে খরচ সহ পুরো টাকা আপনি মিটিয়ে দিয়েছেন (সাধারণত এই প্রমাণ হচ্ছে, যে কোম্পানি আপনার বিরুদ্ধে কেস করেছিল সেই কোম্পানির রসিদ)। একবার যখন এই সন্তুষ্টির বিবৃতি (Certificate of Satisfactio) দেওয়া হয়, তখন কোর্ট এটাকে রেজিস্ট্রি ট্রাস্টের কাছে পাঠিয়ে দেয়, যারা স্বাভাবিকভাবেই রেজিস্ট্রারে আপনার নামে এটা সন্তোষজনক বলে লিখে রাখবে। এরপর এটা ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলিকে জানিয়ে দেওয়া হয়। যে দেন এই রায় দেওয়া হয়েছে সেদিন থেকে ছয় বছর পর্যন্ত এটা রেজিস্ট্রারে থাকবে। এই সময়ের ভিতর আপনি যদি সন্তুষ্টির বিবৃতি (Certificate of Satisfaction) যোগার করে থাকেন তাহলে সেটাও আপনার ফাইলে দেখানো হবে।

এই বিষয় কেবলমাত্র সরানো হবে যদি:-

- আপনি জেলা আদালতের রায়ের এক মাসের মধ্যে সব ধার শোধ করে দেন

অথবা

আদালত যদি এই রায় সরিয়ে রাখে(set aside)। এই মূলতর্কী রাখা (set aside) কেবলমাত্র কয়েকটি সীমিত ক্ষেত্রে সম্ভব হয়। যেমন, আপনি রায়ের বিষয়ে জানেন না কারণ আপনি কোর্টের কাগজ পান নি। “জেলা আদালতে, জেলা আদালতের রায় সরিয়ে রাখা (Setting Aside a County Court Judgement in the County Court)” সম্বন্ধে আমাদের একটি তথ্যপত্র আছে।

ধার দেনা সারানোর কোম্পানিগুলি (Credit Repair Companies) কি আমাকে সাহায্য করতে পারে?

আপনি হয়ত এটা শুনেছেন যে অনেক কোম্পানি আছে যারা বলে যে তারা আপনার ধার দেনার রেকর্ড পরিষ্কার করে দেবে যাতে ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলি আপনাকে আরও অর্থ ধার নেওয়ার আবেদন অনুমোদন করে। তবে সাবধান: আপনি হয়ত যে কাজ নিজেই করতে পারবেন তার জন্য একটা কোম্পানিকে টাকা দিচ্ছেন। ক্রেডিট রিপেয়ার কোম্পানিগুলি একটা পারিশ্রমিক ধার্জ করে এবং আপনাকে একটা তথ্যের প্যাকেট পাঠায় যাতে আপনাকে জানানো হয় যে কি করে আপনি আপনার ক্রেডিট রেফারেন্স ফাইলের একটা কপি পেতে পারেন এবং কি ভাবে জেলা আদালতের (County Court) রায়গুলিকে সরানো যায়। একটা ব্যবসাদার কোম্পানি, যে আপনাকে বলছে যে, তারা আপনার জেলা আদালতের (County Court) রায়গুলিকে সরিয়ে

দিতে পারবে, তাদেরকে টাকা দেওয়ার ব্যাপারে সাবধান থাকবেন। আপনি যদি কোন আসল কারন ছাড়াই জেলা আদালতে (County Court) তাদের রায়কে মূলতবী রাখার (set aside) জন্য আবদন করেন, তাহলে আপনি আদালতের সঙ্গে ঝামেলায় পড়তে পারেন। আমরা জানতে পেরেছি যে অফিস অফ ফেয়ার ট্রেডিং এবং লর্ড চেম্বেরলারের ডিপার্টমেন্ট এই ক্রেডিট রিপেয়ার কোম্পানিগুলি সম্বন্ধে তদন্ত করছে। আপনি যদি এই ক্রেডিট রিপেয়ার কোম্পানিগুলির ব্যবহারে অসন্তুষ্ট হন তাহলে আপনার স্থানীয় কাউন্সিলের ট্রেডিং স্ট্যান্ডার্ডস ডিপার্টমেন্টের কাছে অভিযোগ করুন।

আপনি ক্রেডিট রেফারেন্স এজেন্সিগুলির একটি ওয়েবসাইট আছে, আপনি সেখানেও দেখতে পারেন। এই ওয়েবসাইট হল:

www.ukcreditrepair.co.uk

এই ওয়েবসাইট ক্রেডিট রিপেয়ার কোম্পানিগুলির এবং তাদের ব্যাপারে কি কি বিষয়ে সাবধান হতে হবে সে সম্বন্ধে তথ্য প্রদান করে থাকে।